

অধ্যক্ষ কল্যাণ পরিষদের মতবিনিময় ॥ শিক্ষা ব্যাংক গঠনের দাবি

বাংলাদেশ অধ্যক্ষ কল্যাণ পরিষদ (রিপিকোপ) শিক্ষা ব্যাংক নামে নতুন একটি ব্যাংক গঠনের জন্য সরকারের নিকট দাবি জানিয়েছেন। মঙ্গলবার মতবিনিময় সভায় এ দাবি জানানো হয়। সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে রিপিকোপের সভাপতি অধ্যক্ষ এম এ নয়ন রহমানের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন অধ্যক্ষ গোলাম মোস্তফা, অধ্যক্ষ মোঃ হাফিজ উদ্দিন, অধ্যক্ষ নূর মোহাম্মদ, অধ্যক্ষা সাজেদা বেগম, অধ্যক্ষ রবীন্দ্র কিশোর মহলানবীশ, অধ্যক্ষ মাহবুব আলম, অধ্যাপক মোহাম্মদ আব্দুস ছালিম, অধ্যাপক সেকান্দার আবু জাফর, অধ্যক্ষ শ্রেয়ানন্দ বিশ্বাস, অধ্যক্ষ মোঃ সিরাজুল হক প্রমুখ। বক্তাগণ অধ্যক্ষদের বিভিন্ন সমস্যা তুলে ধরে বলেন, শিক্ষা সংশ্লিষ্ট ব্যাংকিং কার্যক্রম বিভিন্ন ব্যাংকের মাধ্যমে পরিচালনা না করে শুধুমাত্র শিক্ষা ব্যাংকের মাধ্যমে পরিচালনা করলে শিক্ষাসংশ্লিষ্ট সকলেই উপকৃত হবে। এছাড়াও সভায় অবিলম্বে বেসরকারী কলেজের অধ্যক্ষদের অবসর সুবিধা বোর্ড গঠনের আহ্বান জানান। -প্রেস বিজ্ঞপ্তি